তারিখ 09 SEP 2016
পৃষ্ঠা ৪ কলাম ২

সমকাল

# দুর্নীতিবাজদের বিরুদ্ধে হুঁশিয়ারি শিক্ষামন্ত্রীর

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষাক্ষেত্রে দুর্নীতিবাজ কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কিছু কর্মকর্তা-কর্মচারীর দুর্নীতির কারণে পুরো শিক্ষা খাতের অর্জন ম্লান হতে দেওয়া যাবে না। গতকাল বৃহস্পতিবার ঢাকায় শিক্ষা ভবনে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে তিনি এ হুঁশিয়ারি দেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, স্কুল-কলেজ জাতীয়করণ, এমপিওভুক্তি, নিয়োগ ও বদলি, নতুন বিভাগ খোলা, প্রকল্প অনুমোদন, উপবৃত্তি ও বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণে কিছু কর্মকর্তা-কর্মচারীর দুর্নীতিতে শিক্ষাক্ষেত্রে অর্জিত সাফল্য ম্লান হয়- এমন কাজ কখনও মেনে নেওয়া যায় না। তিনি বলেন, জাতি গঠনের মহান দায়িত্বে নিয়োজিত শিক্ষকদের প্রয়োজনীয় সেবা প্রদান মাউশির দায়িত্ব। কিন্তু সেই মাউশিতেই সর্বজনশ্রদ্ধেয় শিক্ষকদের নিগৃহীত ও নির্যাতিত হওয়ার ঘটনা অত্যন্ত দুঃখজনক।

সম্মানের সঙ্গে শিক্ষকরা যেন প্রয়োজনীয় সেবা পেতে পারেন, সে বিষয় নিশ্চিতে প্রতিষ্ঠানটির কর্মকর্তা-কর্মচারীদের সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান নুরুল ইসলাম নাহিদ।

মাউশির মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে বৈঠকে শিক্ষা মন্ত্রণালয়ের সচিবের দায়িত্বে অতিরিক্ত সচিব এ এস মাহমুদ, বিভিন্ন প্রকল্পের পরিচালকসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।